

বাংলাদেশ হাই কমিশন
লন্ডন
প্রেস বিজ্ঞপ্তি

লন্ডন, ২৮ জুলাই ২০২০

লন্ডন থেকে ঢাকাগামী ব্রিটিশ-বাংলাদেশি যাত্রীদের কাতার এয়ারওয়েজের বোর্ডিং পাস না-দেয়া প্রসঙ্গে

গত ২৩ জুলাই কাতার এয়ারওয়েজ লন্ডন থেকে ঢাকাগামী তিনজন ব্রিটিশ-বাংলাদেশি যাত্রীকে বোর্ডিং পাস না-দেয়ার বিষয়ে বাংলাদেশ হাই কমিশন, লন্ডনের গত ২৪ জুলাই-এর প্রেস বিজ্ঞপ্তির প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ বিষয়ে বাংলাদেশ হাই কমিশন লন্ডনস্থ কাতার এয়ারওয়েজের কাছে ব্যাখ্যা চাইলে এয়ারওয়েজ কর্তৃপক্ষ জানায়, তাদের তথ্য মতে গত ২৩ জুলাই বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের একটি আদেশ অনুযায়ী “বাংলাদেশ থেকে বহিরাগত এবং বিদেশ থেকে বাংলাদেশগামী সকল যাত্রীকেই কোভিড-১৯ নেগেটিভ পিসিআর টেস্ট রেজাল্ট দেখাতে হবে”। এই ভুল ধারণা নিয়ে তারা ওই তিনজন যাত্রীকে বোর্ডিং পাস না দিয়ে ভ্রমণের জন্য কোভিড-১৯ নেগেটিভ পিসিআর টেস্ট রেজাল্ট নিয়ে আসার পরামর্শ দেয়।

পরবর্তীতে লন্ডন হাই কমিশন বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাথে এ বিষয়টি নিশ্চিত করার জন্য যোগাযোগ করে জানতে পারে যে, প্রকৃতপক্ষে বিদেশ থেকে বাংলাদেশগামী বাংলাদেশি ও ব্রিটিশ-বাংলাদেশি যাত্রীদের জন্য কোভিড-১৯ নেগেটিভ পিসিআর টেস্ট রেজাল্ট দেখানোর এধরনের কোনো বাধ্যবাধকতা সরকার কর্তৃক আরোপ করা হয়নি। কেবলমাত্র বাংলাদেশগামী বিদেশি নাগরিক ও যেসব প্রবাসী বাংলাদেশির এনভিআর নেই এবং বাংলাদেশ থেকে যারা বিদেশ যেতে চান সেসকল বহিঃমুখী যাত্রীদের জন্যই এটি প্রযোজ্য।

এপ্রেক্ষিতে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ঢাকাস্থ কাতার এয়ারওয়েজের কাছে সরকারের সংশ্লিষ্ট আদেশের ভুল ব্যাখ্যা করে তিনজন ব্রিটিশ-বাংলাদেশি যাত্রীকে বোর্ডিং পাস না-দিয়ে যে বিভ্রান্তির সৃষ্টি করা হয়েছে তার ব্যাখ্যা জানতে চেয়েছে।

বাংলাদেশ হাই কমিশন, লন্ডনও তিনজন ব্রিটিশ-বাংলাদেশি যাত্রীকে বোর্ডিং পাস না-দিয়ে হয়রানি করার প্রতিবাদ জানিয়ে গতকাল সোমবার লন্ডনস্থ কাতার এয়ারওয়েজকে ভুক্তভোগী যাত্রীদের কাছে তাদের ভুল স্বীকার করে দুঃখ প্রকাশ করার এবং এ বিষয়ে উদ্ভূত সব বিভ্রান্তির অবসান ঘটানোর পরামর্শ দিয়েছে।

লন্ডনস্থ হাই কমিশন যুক্তরাজ্যস্থ প্রবাসী বাংলাদেশিদের আশ্বস্ত করতে চায় যে, বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক এ সংক্রান্ত নতুন কোনো নির্দেশনা না-দেয়া পর্যন্ত লন্ডন থেকে বাংলাদেশগামী ব্রিটিশ-বাংলাদেশি (যাদের এনভিআর রয়েছে) যাত্রীদের কোনো এয়ারলাইসেই ভ্রমণের জন্য কোভিড-১৯ নেগেটিভ পিসিআর টেস্ট রেজাল্ট দেখানোর প্রয়োজন নেই। তবে যেসকল ব্রিটিশ-বাংলাদেশি যাত্রী লন্ডনস্থ হাই কমিশন থেকে হেলথ ডিক্লারেশন ফরম সত্যায়িত করতে চান তারা হাই কমিশনের ওয়েব-সাইটে দেয়া নিয়ম-নীতি অনুসরণ করে তা সংগ্রহ করতে পারেন। যা বাংলাদেশের বিমানবন্দরে অবতরণের পর হেলথ চেক-আপ সাপেক্ষে তাদের সহায়ক হতে পারে।

উল্লেখ্য, করোনা মহামারির প্রেক্ষাপটে গত মার্চ মাস থেকে লন্ডন হাই কমিশনের কর্মকর্তা-কর্মচারিরা শনি এবং রবিবার সাপ্তাহিক ছুটির দিনেও দীর্ঘ সময় কাজ করে দুটি বিশেষ চার্টার্ড প্রত্যাবর্তন ফ্লাইটসহ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও অন্যান্য এয়ারলাইন্সের নিয়মিত ফ্লাইটের বাংলাদেশি ও ব্রিটিশ-বাংলাদেশি যাত্রীদের হেলথ ডিক্লারেশন ফরম সংশ্লিষ্ট নিয়ম-নীতি অনুসরণ করে সম্পূর্ণ বিনামূল্যে সত্যায়িত করে দিয়েছেন।

মান্যবর হাই কমিশনারের পক্ষে,

আশিকুন নবী চৌধুরী
মিনিস্টার (প্রেস)